

প্রথম আলো

তথ্যপ্রযুক্তি খাতে দক্ষ জনশক্তি তৈরি হচ্ছে: পলক

অনলাইন ডেস্ক

০৫ মার্চ ২০১৮, ১০:১৫

আপডেট: ০৫ মার্চ ২০১৮, ১০:১৭



বিসিসি ও জাইকা আয়োজিত বাংলাদেশ-জাপান আইসিটি ইঞ্জিনিয়ার্স ট্রেনিং প্রোগ্রামের (বি-জেট) অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ। ছবি: সংগৃহীত। দেশের তথ্যপ্রযুক্তি খাতে দক্ষ জনশক্তি তৈরি হচ্ছে। এ দক্ষ জনশক্তিকে তথ্যপ্রযুক্তি খাতে বিশ্বের মধ্যে তৃতীয় বৃহত্তম বাজার জাপানে কাজে লাগানোর সুযোগ তৈরি হয়েছে। ২০২১ সালের মধ্যে তথ্যপ্রযুক্তি খাতে ২০ লাখ তরুণ-তরুণীর কর্মসংস্থানের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

ওই লক্ষ্য অর্জনে জাপানের বাজারে ঢোকানোর সুযোগ নিতে হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ও জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন (জাইকা) আয়োজিত বাংলাদেশ-জাপান আইসিটি ইঞ্জিনিয়ার্স ট্রেনিং প্রোগ্রামের (বি-জেট) অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এ কথা বলেন।

গতকাল রোববার আয়োজিত অনুষ্ঠানে জাপানের রাষ্ট্রদূত হিরোইয়াসু ইজুমা বলেন, জাপান-বাংলাদেশ দ্বিপাক্ষীয় সম্পর্ক অনন্য। বি-জেট প্রশিক্ষণের মাধ্যমে যারা জাপানের আইটি খাতে কর্মসংস্থান নিশ্চিত করেছে, তারা জাপানের আইটি খাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বাংলাদেশে জাইকার প্রধান প্রতিনিধি টাকাটোসি নিশিকাটা বলেন, জাপান ভবিষ্যতে আইটি প্রকৌশলীর ঘাটতি অনুভব করবে। বাংলাদেশের মেধাবী তরুণদের জাপানি বাজারের চাহিদামতো সক্ষম করে তুলতে বিসিসির সঙ্গে যৌথভাবে বি-জেট প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে।

উল্লেখ্য, বিসিসি ও জাইকা পরিচালিত 'দ্য প্রজেক্ট ফর স্কিল ডেভেলপমেন্ট অব আইটি ইঞ্জিনিয়ার্স টার্গেটিং জাপানিজ মার্কেট' প্রকল্পের আওতায় পরিচালিত প্রশিক্ষণে তিন মাসের প্রশিক্ষণ দেওয়া হয়। প্রথম ব্যাচে অংশ নেওয়া ১৩ জন জাপানের বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি পেয়েছেন।